

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
ত্রাণ ও পুনর্বাসন শাখা
www.munshiganj.gov.bd

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.০০০.০২.০৩০.২৪.১১৬

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ অর্থের উপবরাদ্দ প্রদান

- সূত্র: ১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর বরাদ্দ পত্র নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০১২.২৩.৯৩, তারিখ : ১২-০৫-২০২৪
২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর বরাদ্দ পত্র নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০১২.২৩.৯৫, তারিখ : ১২-০৫-২০২৪
৩. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর বরাদ্দ পত্র নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০১২.২৩.১১৮, তারিখ : ০৯-০৬-২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বর্ণিত ছক মোতাবেক প্রকল্পের অনুকূলে নগদ অর্থ উপবরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	উপজেলার নাম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (টাকা)
০১	শ্রীনগর	মধ্যমাত্রা খাদিজাতুল কোবরা (রা:) মহিলা মাদ্রাসা ভাগ্যকুল। ইউনিয়ন: ভাগ্যকুল।	২,৫০,০০০/-
০২	শ্রীনগর	ভূঁইচিত্র কবরস্থানের সংস্কার/উন্নয়ন। ইউনিয়ন: ষোলঘর।	৩,০০,০০০/-
০৩	গজারিয়া	চরপাখালিয়া বাইতুল ইমান জামে মসজিদ সংস্কার।	৩,০০,০০০/-
০৪	গজারিয়া	ভবেরচর কন্দু সরকারবাড়ি জামে মসজিদের উন্নয়ন।	১,৫০,০০০/-
০৫	গজারিয়া	ভবেরচর ইউনিয়ন কেন্দ্রীয় ঈদগাহ ও কবরস্থান উন্নয়ন।	১,০০,০০০/-
০৬	সিরাজদিখান	ইছামতি নদীর পাড় হতে কালসুর খালের পশ্চিম পাশ দিয়ে মরিচা পাউসার মহাসড়কের সাথে সংযোগ পয়েন্ট ক্যাফে আম্মাজান পর্যন্ত রাস্তা সংস্কার।	৩,০০,০০০/-
মোট			১৪,০০,০০০/-

শর্তাবলী:

- ০১। প্রকল্পের অর্থ উত্তোলন ও বাস্তবায়ন সময়সীমা ৩০-০৬-২০২৪ তারিখ পর্যন্ত।
- ০২। এ ব্যয় ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহ করা হবে।
- ০৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা-২০২১” অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং এ কার্যালয়সহ মন্ত্রণালয় ও অধিদপ্তর বরাবর বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ০৪। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
- ০৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায্য মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি’র সভাপতি করতে হবে।
- ০৬। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৭। কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে।
- ০৮। কোন প্রকল্প ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।
- ০৯। পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ১০। নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১৩-০৬-২০২৪

মো: আবুজাফর রিপন, বিপিএএ

জেলা প্রশাসক

০২-৯৯৭৩১১০০

dcmunshiganj@mopa.gov.bd

উপজেলা নির্বাহী আফিসার, উপজেলা নির্বাহী আফিসারের কার্যালয়, শ্রীনগর/গজারিয়া/সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

স্মারক নম্বর:

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ;
- ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীনগর/ গজারিয়া/সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
- ৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রীনগর/ গজারিয়া/সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
- ৬। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সীগঞ্জ (পত্রটি জেলা ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ) এবং
- ৭। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শ্রীনগর/গজারিয়া/সিরাজদিখান, মুন্সীগঞ্জ (পত্রটি উপজেলা ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।



১৩-০৬-২০২৪

মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা প্রশাসক